**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==========================================================================

কাছাড় জেলার ভারত - বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকার কাটিগড়ার লক্ষীছড়া অঞ্চলে গতকাল আরো সাত জন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে । স্থানীয় লোকেরা আর্ন্তজাতিক সীমান্ত অঞ্চলে রোহিঙ্গা নাগরিকদের সন্দেহজনক চলাফেরা দেখে আটক করেন এবং কথা বলতে গিয়ে জানতে পারেন যে কয়েক বছর পূর্বে তারা বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতে প্রবেশ করে এতদিন কর্মসূত্রে হায়দ্রাবাদে বসবাস করছিল । সম্প্রতি ভারত সরকারের বিদেশী নাগরিকদের বিরুদ্ধে চালানো অভিযানে রোহিঙ্গারা হায়দ্রাবাদ থেকে পালিয়ে কাটিগড়া এসে পুনরায় বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছিল বলে জানিয়েছে । পরে স্থানীয় লোকেরা রোহিঙ্গা নাগরিকদের গুমড়া পুলিশের কাছে সমঝে দেন । উল্লেখ্য গত কয়েক মাসে কাছাড় জেলা থেকে প্রায় দেড়শ রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে ।

---

রাজ্যে যাত্রী চাহিদা অনুযায়ী লোকাল ট্রেন চালু করা এবং ট্রেনগুলি সুবিধাজনক স্থানে ষ্টপেজ দেওয়ার দাবীতে গতকাল রাজ্যের বিভিন্ন

স্থানে নাগরিক সংগঠনগুলির পক্ষ থেকে মুখ্যমন্ত্রী এবং রেল কর্তৃপক্ষকে স্মারকপত্র প্রদান করা হয়েছে । আসাম রেল যাত্রী সংস্থার আহ্বানে গতকাল হাইলাকান্দি সহ লামডিং ,গুয়াহাটী ,বঙ্গাইগাঁও , সরুপেটা , চাপর , ধুবরী  ষ্টেশনে ভারপ্রাপ্ত রেল আধিকারীক মারফৎ মুখ্যমন্ত্রী ও রেল কর্তৃপক্ষের কাছে স্মারকপত্র পাঠানো হয়েছে । স্মারকপত্রে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলে রেল পরিসেবা সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকারের গত কয়েক বছরে ব্যাপক অর্থ মঞ্জুর করার জন্য সন্তোষ প্রকাশ করা সহ রাজ্যে রেলপথ বৈদ্যুতিকরন ও  দ্বৈতকরণ সম্পূর্ণ হওয়ার পর পর্যাপ্ত লোকেল ট্রেনের সুবিধা প্রদান করা , কোভিডের সময় প্রত্যাহার করা ষ্টপেজগুলো পুনরায় চালু করা , নতুন পথে লোকেল ট্রেন চালু করার দাবী জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় সাপে কামড়ানো ব্যাক্তিকে এখন থেকে
এস কে রায় সিভিল হাসপাতালে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে ।  গতকাল সিভিল হাসপাতাল সভাকক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সিভিল হাসপাতালের অধিক্ষক ডক্টর দেবব্রত দত্ত এই চিকিৎসা পরিষেবা গ্রহন করার জন্য জনসাধারনের প্রতি আহ্বান জানিয়েছেন ।

ডক্টর দত্ত আরো জানান  -- বাইট

---

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল শিলচর কাঁঠাল বাইপাস সংলগ্ন আতালবস্তীতে বিশেষ অভিযান চালিয়ে ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । পুলিশ সুত্রে জানানো হয়েছে যে জব্দ করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য প্রায় ১২ কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে দিলোয়ার হোসেন লস্কর নামের এক যুবককে আটক করেছে । জব্দ করা ট্যাবলেটগুলি মণিপুরের চূড়াচান্দপুর থেকে আনা হয়েছিল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ  জেলার এক হাজারটি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্য্যসূচী পান করা হবে , আগামীকাল  নবীন সাহিত্যিকদের বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প , ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে ।

---

এদিকে কাছাড় জেলার ধলাই বি এন এম পি হাইস্কুলে গতকাল স্বাস্থ্য শিবির সহ ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোরদের ৫৯টি রোগের বিনামূল্যে পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়েছে  ।  স্বাস্থ্য শিবিরে তিন হাজার পাঁচশ ৭৩টি শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে । স্বাস্থ্য শিবিরে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ , বিধায়ক নীহার রঞ্জন দাস , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , ধলাই সমজেলার আয়ুক্ত রক্তিম বরুয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় আজ জেলার এক হাজার তিনশ ৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্যসূচী গ্রহন করা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধীন সব ডিভিশন ও মূখ্য কার্য্যলয়ে গত ১৭ই সেপ্টেম্বর থেকে স্বচ্ছতা হি সেবা অভিযান পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আধিকারীক ও কর্মচারীদের স্বচ্ছতার শপথ বাক্য পাঠ করান । সীমান্ত রেলের অধীন সব স্টেশন , ওয়ার্কশপ, কলোনী ,কার্য্যলয়ে স্বচ্ছতা অভিযান চালানো হবে । আগামী দোসরা অক্টোবর পর্য্যন্ত এই অভিযান চলবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্ম দিন উপলক্ষ্যে সুস্থ নারী-সুস্থ পরিবার কার্য্যসূচীর অঙ্গ হিসেবে আগামী ২১শে সেপ্টেম্বর, রবিবার শিলচর চৌধুরী আই হসপিটালে শুধুমাত্র মহিলাদের জন্য বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

হাইলাকান্দির সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় স্পোটিং ইউনিয়ন ও ক্লাব প্যারাডাইস পরস্পরের মূখোমূখি হবে ।

স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় লক্ষীশহর এফ সি ২-১ গোলে ব্রজপুর একাদশকে পরাজিত করে । লক্ষীশহর এফ সি-র হয়ে একটি করে গোল করেন মুস্তাক

আহমেদ লস্কর ও রবিউল ইসলাম মজুমদার এবং ব্রজপুর এফ সি-র হয়ে একমাত্র গোল করেন রোমজয় রিয়াং ।